পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ
প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ প্রকল্প
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি
www.chtdb.gov.bd

স্মারক নং: ২৯.৩১.০০০০.০৩২.০৭.০০৪.২২- ৯৮৫

তারিখ: ২৪/০৭/২০২২ খ্রি:

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ভর্তির আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধি।**

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ প্রকল্প' এর আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ভর্তির আবেদন গ্রহণের সময়সীমা **আগামী ৪ আগস্ট ২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত** বৃদ্ধি করা হলো।

উল্লেখ্য যে, ভর্তির আবেদন গ্রহণের ক্ষেত্রে গত ০৫/০৭/২০২২ খ্রি. তারিখে বোর্ডের স্মারক নং ২৯.৩১.০০০০.০৩২.০৭.০০৪.২২-৯১৩ মূলে প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত যাবতীয় শর্তাবলী অপরিবর্তিত থাকবে। প্রার্থীদের কাগজপত্রাদি যাচাইয়ের সাপেক্ষে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ বোর্ডের ওয়েবসাইট (www.chtdb.gov.bd) এবং নোর্টিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

২৪/০৭/২০২২
মংছেনলাইন রাখাইন
(প্রকল্প পরিচালক)
পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে
দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ প্রকল্প
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
ফোন: ০২৩৩৩৩৭২৪৮২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৩। জেলা প্রশাসক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
৪। সদস্য-প্রশাসন/সদস্য-বাস্তবায়ন/সদস্য-অর্থ/সদস্য-পরিকল্পনা/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৫। মূখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৬। মেয়র, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান/লামা/রামগড়/মাটিরাঙ্গা/বাঘাইছড়ি পৌরসভা।
৭। অধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারী কলেজ/ রাঙ্গামাটি সরকারী মহিলা কলেজ/ খাগড়াছড়ি সরকারী কলেজ/বান্দরবান সরকারী কলেজ/ বান্দরবান সরকারী মহিলা কলেজ/রাঙ্গামাটি পাবলিক কলেজ/ কর্ণফুলী কলেজ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
৮। সহকারী পরিচালক (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৯। নোটিশ বোর্ড।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ
প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ প্রকল্প
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি।
www.chtdb.gov.bd

তারিখ: ০৫/০৭/২০২২ খ্রি.

স্মারক:- ২৯.৩১.০০০০.০৩২.০৭.০০৪.২২-৯১৩

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন "পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ প্রকল্প" এর আওতায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়, রাঙ্গামাটিতে প্রতি ব্যাচে ২০ জন করে মোট ৪০ জন তরুণ-তরুণীকে কম্পিউটার বিষয়ক রিফ্রেসাস, উচ্চতর এবং আউটসোর্সিং বিষয়ে মোট ০৬ (ছয়) মাস ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। এ লক্ষ্যে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**ভর্তির যোগ্যতা ও শর্তাবলীঃ-**

- কোর্সের নাম : আইসিটি বিষয়ক রিফ্রেসাস, উচ্চতর ও আউটসোর্সিং বিষয়ে প্রশিক্ষণ
- প্রশিক্ষণ কোর্সের মেয়াদ : (১) কম্পিউটার বিষয়ক মৌলিক রিফ্রেসাস প্রশিক্ষণ - ০১ (এক) মাস
  (২) উচ্চতর প্রশিক্ষণ – ০৩ (তিন) মাস
  (৩) আউটসোর্সিং প্রশিক্ষণ- ০২ (দুই) মাস
  উপরি-উক্ত সিডিউল অনুযায়ী প্রথম ব্যাচে ২০ জনকে ০৬ (ছয়) মাসব্যাপী এবং দ্বিতীয় ব্যাচে অবিশিষ্ট ২০জনকে পরবর্তী ০৬(ছয়) মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে।
- শিক্ষাগত যোগ্যতা : যেকোনো বিভাগ/বিষয়ে স্নাতক/সমমান শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারের দক্ষতা অথবা এসএসসি পাশের পর কম্পিউটার বিষয়ে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী অথবা এইচএসসি পাশের পর কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা/প্রশিক্ষণ। ইংরেজিতে যোগাযোগ দক্ষতাসম্পন্ন (Speaking & Writing) প্রার্থীদের প্রশিক্ষণে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রয়োজনীয় কাগজপত্র : ভর্তির ফরমের সাথে ০২ (দুই) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারে দক্ষতার সনদপত্রের ফটোকপি এবং স্থায়ী বাসিন্দার ফটোকপি ও ভোটার আইডি বা জন্মনিবন্ধনের অনুলিপি দাখিল করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- অন্যান্য তথ্য : (১) প্রশিক্ষণকালীন থাকা-খাওয়া, পরিবহন ইত্যাদির যাবতীয় ব্যবস্থা সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে।
  (২) প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রশিক্ষণ ফি বাবদ ১,০০০/- (এক হাজার টাকা মাত্র) জমা দিতে হবে।

| ভর্তির আবেদন পত্র সংগ্রহ ও জমা দেয়ার তারিখঃ | |
|---|---|
| আবেদনপত্র গ্রহণ | ১২/০৭/২০২২ খ্রিঃ হতে ২৪/০৭/২০২২ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন। |
| মৌখিক পরীক্ষা গ্রহণ | ২৬/০৭/২০২২ খ্রিঃ |
| প্রশিক্ষণ শুরুর সম্ভাব্য তারিখ | মোবাইলে জানানো হবে। |

* কর্তৃপক্ষ যে কোন কারণে উপরি-উক্ত তারিখ ও সময় পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

**প্রাসঙ্গিক তথ্য :-**

- আইসিটি বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষকমন্ডলী দিয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রতি ব্যাচে ২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রতিদিন ৩ ঘন্টা করে প্রশিক্ষণ দেয়া হবে (শুক্র ও শনি ব্যতিত)।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে শিক্ষা উপকরণসহ অত্যাধুনিক ও সমৃদ্ধ কম্পিউটার ল্যাবে একটি করে কম্পিউটার সহযোগে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- সাফল্যজনকভাবে প্রশিক্ষণ সমাপ্তির পর পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড থেকে সনদ প্রদান করা হবে।

বিস্তারিত তথ্যের জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটিস্থ প্রধান কার্যালয়ে অফিস চলাকালীন যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। বোর্ডের আইসিটি অফিস (কক্ষ নং-১১০) হতে কিংবা বোর্ডের ওয়েবসাইট www.chtdb.gov.bd হতে আবেদন ফরম সংগ্রহ করে তা' যথাযথভাবে পূরণপূর্বক অফিস চলাকালীন বোর্ডের আইসিটি অফিস (কক্ষ নং-১১০) এর সামনে রক্ষিত বাক্সে জমা দিতে হবে।

কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি কিংবা এর অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/বিয়োজন করার এবং বোর্ডের নিয়মানুযায়ী প্রশিক্ষণার্থী বাছাইয়ের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

05/07/2022
মংছেনলাইন রাখাইন
(প্রকল্প পরিচালক)
"পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ প্রকল্প"
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
রাঙ্গামাটি।
ফোন: ০২৩৩৩৩৭২৪৮২